


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং- ৪৬.০৪২.০১৪.৫৮.০২.০৫৮.২০১৪. ৭৬৬০

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জমির মালিকানা সংক্রান্ত দলিলপত্র প্রেরণ।

সূত্রঃ জনাব গিয়াস উদ্দিন, সভাপতি, গ্রামীণ জনকল্যাণ সংসদ, উপশহর, সিলেট এর ৬/৭/২০১৭ তারিখের আবেদন।

জনাব গিয়াস উদ্দিন, সভাপতি, গ্রামীণ জনকল্যাণ সংসদ, উপশহর, সিলেট স্থানীয় সরকার বিভাগে একটি আবেদন দাখিল করেন। আবেদন পত্রে উল্লেখ করা হয় যে, ১৯৮২ সালে সড়ক ও জনপথ ৬০৪ নং দাগের ভূমিসহ পাশাপাশি আরো কিছু দাগের জমি অধিগ্রহণ করে সিলেট শহরের মূল রাস্তা তৈরী হয়। এছাড়াও সরকারি অনুমতি নিয়ে এই জমির কিছু অংশ আইন বিদ্যালয়, গ্রামীণ জনকল্যাণ সংসদ, গ্যাস অফিস, গার্ডেন টাওয়ার নির্মাণের জন্য লীজ প্রদান করা হয়। রোড সাইড জমি হওয়ায় চলাচলের জন্যই সওজ এর কাছ থেকে লীজ গৃহীত হয়। জেলা পরিষদের ৬০৩, ৬০২ নং দাগে রাস্তাটি শুধুমাত্র জনগণের চলাচলের জন্যই কেবল রেকর্ডভুক্ত হয় এবং এইভাবেই তা ব্যবহার হয়ে আসছে। সম্প্রতি উক্ত জমিতে জেলা পরিষদ বিল্ডিং নির্মাণ শুরু করেছে। বিল্ডিং ও দেয়াল নির্মাণ কাজ স্থগিত রাখার লক্ষ্যে সিলেট জেলা পরিষদকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, সিলেট জেলার সদর উপজেলার সাদিপুর ২য় খন্ড মৌজার ৬০৪ নং দাগে, ১ নং খতিয়ানের জমির মালিকানা সংক্রান্ত দলিলপত্রের সত্যায়িত ছায়ািলিপি, জমির অবস্থান উল্লেখপূর্বক স্ক্যাচ ম্যাপ ও স্থিরচিত্র এবং এ সংক্রান্ত সংশ্লিষ্ট সকল কাগজাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ জাফর হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সিলেট।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, সিলেট।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।